

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী অধিশাখা
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০০০.৪৮.০৮৫.১৭.৭৩

তারিখ: ১২ পৌষ ১৪২৪

২৬ ডিসেম্বর ২০১৭

বিষয়: ২০১৬-১৭ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়া সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থ বছরের ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার কারণে ১১.১০.১৭ খ্রিঃ তারিখের ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৮৬.১০ -৩৯০, ৩৯১,৩৯২ ৩৯৩ সংখ্যক পত্রে বরিশাল বিভাগের ১০ উপজেলা কে পুনরায় ১০ কর্ম দিবসের মধ্যে ব্যাখ্যা প্রদান করতে, ৯টি উপজেলাকে সর্বক এবং ৪টি উপজেলাকে ১ম দফায় চেয়ে ২য় দফায় দ্বিগুন বিতরণের কারণ ব্যাখ্যা করতে বলা হয়। সে প্রেক্ষিতে বিভাগের আওতাধীন উপজেলাগুলো হতে নিম্নরূপ জবাব পাওয়া যায়।

নং	জেলার নাম	উপজেলার নাম	প্রাপ্ত জবাব	পর্যালোচনা
১	বরিশাল	বাবুগঞ্জ	দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা তার জবাবে উল্লেখ করেছেন উপজেলাটি দুর্গম এবং ভূমি সংক্রান্ত জটিলতার কারণে জমির মূল দলিল পত্রাদি জমাকরণ সাপেক্ষে ঋণ প্রদান করা অত্যন্ত জটিল।	এ জবাব কোনভাবেই গ্রহণযোগ্য নয়। এ ধরনের বক্তব্য তার পেশাদারিত্বের সাথে দায়িত্ব পালনে অবহেলার পরিচয় বহন করে।
২	"	বানারীপাড়া	প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের ঋণ গ্রহণে অনিহা, প্রকল্পের ২০% কাজ নিজস্বতার অর্থে করতে না পারা, বিভিন্ন বেসরকারী সংস্থা থেকে সহজে এবং বেশী পরিমাণ ঋণ পাওয়ার ১ম দফায় ঋণ বিতরণ কম হয়েছে বলে তার জবাবে উল্লেখ করা হয়েছে।	এ জবাব একেবারেই গ্রহণযোগ্য নয়। পেশাদারিত্বের পরিচয় বহন করে না। এছাড়াও কর্মসূচী বাস্তবায়নের তার ব্যক্তিগত সম্পৃক্ততা নাই।
৩	"	উজিরপুর	জবাবে তিনি এ বারের মত মার্জনা করার আবেদন করে চলতি বছরের লক্ষ্যমাত্রা ১০০% অর্জনে সচেষ্ট থাকবেন মর্মে অঙ্গীকার করেছেন।	মার্চ/১৮ মাসের লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।
৪	"	হিজলা	ঐ	ঐ
৫	"	মেহেন্দীগঞ্জ	ঐ	ঐ
৬	"	মুলাদী	ঐ	ঐ
৭	"	সদর	ঐ	ঐ
৮	ঝালকাঠী	রাজপুর	ঐ	ঐ
৯	পটুয়াখালী	বাউফল	ঐ	ঐ
১০	ভোলা	লালমোহন	ঐ	ঐ

২. ছকে বর্ণিত তথ্য মাফিক বাবুগঞ্জ ও বানারীপাড়া উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ ঋণ কার্যক্রম বাস্তবায়নে আন্তরিক ও দায়িত্বশীল নয়। এছাড়াও উভয়ে লক্ষ্যমাত্রা অর্জনে যে অন্তরায় উল্লেখ করেছেন তা কোন ভাবেই যৌক্তিক ও গ্রহণযোগ্য নয়।

৩. অন্যান্য উপজেলাগুলোকে বছরের শুরুতে দেয়া লক্ষ্যমাত্রা মাফিক ঋণ বিতরণ, আদায় ও খেলাপী আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে অধিকতর সচেতন হওয়ার জন্য নির্দেশ দেয়া হলো। মার্চ/২০১৮ মাসের অগ্রগতি পর্যবেক্ষণ করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

৪. মুলাদী(বরিশাল) ও ভান্ডারিয়া(পিরোজপুর) উপজেলাকে প্রেরিত পত্রের জবাব প্রেরণ না করার দায়ে কেন তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ আগামী ১০(দশ) দিনের মধ্যে জানাতে বলা হলো এবং বাবুগঞ্জ ও বানারীপাড়া উপজেলার সংশ্লিষ্ট কর্মকর্তা তার দায়িত্ব যথাযথভাবে পালন না করে ঋণ প্রদানে বিরূপ মন্তব্য প্রদান করার কারণে কেন তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেয়া হবে না তা একই সময়ের মধ্যে জানাতে নির্দেশ দেয়া হলো।

৫. এমতাবস্থায়, বাবুগঞ্জ ও বানারীপাড়া উপজেলার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে দায়িত্ব পালনে অবহেলার দায়ে কেন তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ আগামী ১০(দশ) দিনের মধ্যে পুনরায় ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো।

গ.ন.ন.ন.

২৬-১২-২০১৭

কে এম জাহিদ হোসেন
সহকারী পরিচালক

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা.....উপজেলা,
.....জেলা।

স্মারক নম্বর:

৩৪.০১.০০০০.০০০.৪৮.০৮৫.১৭.৭৩/১(২)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) উপ-পরিচালক,জেলা।

২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখ: ১২ পৌষ ১৪২৪
২৬ ডিসেম্বর ২০১৭

গ.ন.ন.ন.

২৬-১২-২০১৭

কে এম জাহিদ হোসেন
সহকারী পরিচালক